# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 08.08.2024 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রবীণ সিপিআইএম নেতা বুদ্ধদেব ভট্টাচার্য প্রয়াত। আজ সকালে পাম এভিনিউয়ের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মরদেহ এখন শায়িত রাখা আছে পিস ওয়ার্ল্ডে। আগামীকাল বিধানসভা, আলিমুদ্দীন স্ট্রীট হয়ে নীলরতন সরকার মেডিকেল কলেজে তাঁর দেহ দান করা হবে।

বুদ্ধদেব বাবুর প্রয়াণে রাজনৈতিক ও সাংস্কৃতিক মহলে শোকের ছায়া।

২) একগুচ্ছ কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দুদিনের সফরে ঝাড়গ্রামে গেছেন।

৩) বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে দু-দেশের মধ্যে আমদানি-রপ্তানি বন্ধ থাকার পর আজ আবার তা শুরু হয়েছে।

৪) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৬-০ গোলে ইন্ডিয়ান এয়ারফোর্সকে হারিয়ে দিয়েছে।

---

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী, প্রয়াত সিপিআইএম নেতা বুদ্ধদেব ভট্টাচার্য্যের মরদেহ এখন পিস ওয়ার্ল্ডে শায়িত রাখা আছে। আগামীকাল সকালে সেখান থেকে তা নিয়ে যাওয়া হবে রাজ্য বিধানসভায়। এরপর সিপিআইএম রাজ্য দপ্তর, আলিমুদ্দীন স্ট্রীটে

বেলা ১২ টা থেকে ৩ টে ১৫ মিনিট পর্যন্ত মরদেহ রাখা থাকবে জনগণের শ্রদ্ধা নিবেদনের জন্য। পরে দীনেশ মজুমদার ভবন হয়ে শোক মিছিল করে বুদ্ধদেব বাবুর দেহ নিয়ে যাওয়া হবে নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানে মরণোত্তর দেহদান করা হবে। আজ প্রাক্তন মুখ্যমন্ত্রীর চক্ষুদান করা হয়। রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথালমোলজিতে তাঁর কর্নিয়া অন্য রোগীর চোখে প্রতিস্থান করা হয় বলে জানা গেছে। তবে কাদের চোখে তা প্রতিস্থাপন করা হল, সেই বিষয় গোপন রাখা হয়েছে।

উল্লেখ্য, আজ সকালে দক্ষিণ কলকাতার পাম এভ্যিনিউয়ের বাড়িতে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রবীণ এই সিপিআইএম নেতার জীবনাবসান হয়। বয়স হয়েছিল ৮০ বছর। দীর্ঘ দিন ধরেই ফুসফুসের সংক্রমণ জনিত সমস্যায় ভুগছিলেন। বুদ্ধদেব বাবুর প্রয়াণে রাজনৈতিক ও সাংস্কৃতিক মহলে নেমে এসেছে শোকের ছায়া। একটি প্রতিবেদন।

ক্যাপসুল

---------------------

বুদ্ধদেব ভট্টাচার্যের মৃত্যুতে বিভিন্ন জেলা থেকেও শোক পালনের খবর মিলেছে।

নদীয়ার কৃষ্ণনগরের সোনাপট্টি থেকে বামফ্রন্টের পক্ষে আজ এক মৌন মিছিল বের করা হয়। মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চল কর্তৃপক্ষ ও পৌরসভাতেও বুদ্ধদেব বাবুর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

উত্তর ২৪ পরগণার দমদম তিন নম্বর আঞ্চলিক কমিটির পক্ষ থেকেও আজ এক মৌন মিছিলের আয়োজন করা হয়। পাতিপুকুর নতুন পল্লী পার্টি অফিস থেকে শুরু হয়ে

মিছিল শেষ হয় দক্ষিণদারি ২৭ নম্বর রেলগেটে। বৃষ্টি উপেক্ষা করেই কয়েকশো মানুষ সামিল হন এই মিছিলে।

বর্ধমান ও আসানসোলে আজ দলের পক্ষ থেকে শোক মিছিল বের করা হয়। পূর্ব ও পশ্চিম দুই বর্ধমানে সিপিআইএম-এর কার্যালয়ে আজ দলীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে।

----------------------

একগুচ্ছ কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দুদিনের সফরে আজ ঝাড়গ্রামে গেছেন। ঝাড়গ্রামে আগামীকাল রাজ্য সরকার আয়োজিত 'বিশ্ব আদিবাসী দিবসে'র মূল অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। অনুষ্ঠান মঞ্চ থেকেই মুখ্যমন্ত্রী জেলার উন্নয়নে ৩০০ কোটি টাকা প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে শিলান্যাস হবে ১২০ কোটি টাকার প্রকল্পের এবং উদ্বোধন হবে ১৮০ কোটি টাকার প্রকল্পের। ঝাড়গ্রাম থেকেই মুখ্যমন্ত্রী, রাজ্যের অনান্য জেলার জন্যও প্রায় ১০০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

----------------------

বাংলাদেশে অস্থির পরিস্থিতির প্রেক্ষিতে সোমবার থেকে দু-দেশের মধ্যে আমদানি-রফতানি বন্ধ থাকার পর আজ সকাল থেকে আবার তা শুরু হয়েছে। গতকাল উভয়দেশের প্রতিনিধিদের মধ্যে বৈঠকে সিদ্ধান্ত হয়, বাংলাদেশে আটকে থাকা ভারতীয় পণ্যবাহী ট্রাকগুলি তারা দ্রুত খালি করে ভারতে পাঠাবে। ভারত থেকে পণ্য বাংলাদেশে যাওয়ার নতুন ব্যবস্থাও শুরু হবে।

এদিকে, কলকাতা-ঢাকা ও ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস আগামীকালও বাতিল থাকছে। রেল সূত্রে জানা গেছে, যারা আগেই টিকিট কেটেছিলেন, তাঁদের শর্তসাপেক্ষে পুরো টাকা ফিরিয়ে দেওয়া হবে।

অন্যদিকে বিএসএফ-এর কৃষ্ণনগর সেক্টর হেড কোয়ার্টারের ডিআইজি সঞ্জয় কুমার আজ ভারত বাংলাদেশ সীমান্তবর্তী মোল্লাপাড়া পরিদর্শন করেন। কথা বলেন, গ্রামবাসীদের সঙ্গে। সীমান্ত এলাকায় কাউকে অনুপ্রবেশ করতে দেখলেই বিএসএফ-এর সঙ্গে যোগাযোগ করার আহ্বান জানান  তিনি।

------------------------

বাংলাদেশে অস্থিরতার জেরে এদেশের জঙ্গি অনুপ্রবেশের আশঙ্কার প্রেক্ষিতে সীমান্তে নজরদারি আরও জোরদার করা হয়েছে। জলপাইগুড়ির দক্ষিণ বেরুবাড়ির নলজোওয়া পাড়া এলাকায় আজ গ্রামবাসীদের সঙ্গে বৈঠক করেন বিএসএফ-এর ৯৩ নম্বর ব্যাটালিয়নের আধিকারিকরা। শরনার্থী বেশে কোনোভাবেই যাতে জঙ্গিরা প্রবেশ করতে না পারে সেবিষয়ে গ্রামবাসীদের সতর্ক করা হয়। সীমান্তের ১৬ কিলোমিটার এলাকার জমি সমস্যা মিটিয়ে দ্রুত কাঁটা তারের বেড়া দেওয়ার আবেদন জানান গ্রামবাসীরা।

---------------------

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে ৯ থেকে ১৫ আগস্ট সারা দেশে হর ঘর তিরাঙ্গা অভিযান পালিত হবে। নতুনদিল্লিতে আজ সাংবাদিক সম্মেলনে ভাষণ দেওয়ার সময়, সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত প্রত্যেক দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করার এবং তিরঙ্গার সাথে

একটি সেলফি তোলা এবং হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে আপলোড করার আহ্বান জানিয়েছেন।

----------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৬-০ গোলে ইন্ডিয়ান এয়ারফোর্সকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে জেসন কামিন্স দুটি, টম এলফ্রেড, লিস্টন কোলাসো, অনিরুদ্ধ থাপা, জি স্টুয়ার্ট একটি করে গোল করেছেন।

------------------------

রোহতাক থেকে রাঁচী বালেশ্বর হয়ে পূর্ব মধ্য বালেশ্বর পর্যন্ত প্রসারিত মৌসুমী অক্ষরেখা এবং ঝাড়খন্ড সংলগ্ন উত্তর ওড়িশা ও ছত্তিশগড়ের ওপর ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ও আগামীকাল হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের জেলাগুলিতে সোমবার ১২ই আগস্ট পর্যন্ত ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা এবং দার্জিলিং ও কোচবিহারে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি রয়েছে। আগামীকাল ও শনিবার এই পাঁচ জেলাতেই হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

বৃষ্টিতে জলঢাকা, সঙ্কোশ ও তোর্সা নদীর জল বাড়ছে। নীচু এলাকাগুলি প্লাবিত হওয়ার আশঙ্কাও দেখা দিয়েছে। দার্জিলিং ও কালিম্পং -এ ধসেরও আশঙ্কা রয়েছে।

দক্ষিণবঙ্গেও মঙ্গলবার ১৩ ই আগস্ট পর্যন্ত বেশিরভাগ জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দুই ২৪ পরগণা, কলকাতা, নদীয়া, পশ্চিম বর্ধমান, মুর্শিদাবাদ ও

বীরভূম জেলায় আজ বজ্রবিদ্যুত্ সহ ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি রয়েছে। আগামীকাল ও শনিবার বীরভূম, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, দুই ২৪ পরগণা ও হুগলী জেলায় থাকছে হলুদ সতর্কতা।

------------------------ ------------------------